গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন ২, মিরপুর, ঢাকা ১২১৬
www.dpe.gov.bd

স্মারক সংখ্যা- ৩৮.০১.০০০০.৭০০.১৪.০১৬.১৮- ১৮৬

তারিখ: ১৮ চৈত্র ১৪৩০ / ০১ এপ্রিল ২০২৪

**বিষয়: পিইডিপি৪ এর আওতায় ২০২৩-২৪ অর্থবছরে নির্বাচিত প্রাথমিক বিদ্যালয়ে বরাদ্দকৃত অর্থে Need based playing accessories স্থাপনের কার্যক্রম সম্পাদন।**

সূত্র: প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের পত্র নং-৩৮.০১.০০০০.৫০০.০১১.২০-৮৪১, তারিখ: ২৮ মার্চ ২০২৪।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি (পিইডিপি৪) এর আওতায় ২০২৩-২৪ অর্থবছরে সারাদেশের ১৫৫টি উপজেলার মোট ১৬৬টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে (তালিকা সংযুক্ত) Need based playing accessories স্থাপনের কার্যক্রম সম্পাদনের জন্য সূত্রোক্ত স্মারকে প্রতিটি বিদ্যালয়ে ১.৫০ লক্ষ (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা করে বরাদ্দ প্রদান করা হয়েছে। বরাদ্দপ্রাপ্ত বিদ্যালয়সমূহে Need based playing accessories স্থাপনের কার্যক্রম সম্পাদনের ক্ষেত্রে নিম্নেবর্ণিত শর্তাবলী প্রতিপালনের জন্য অনুরোধ করা হলো:

**শর্তাবলী:**

১. Need based playing accessories স্থাপনের কার্যক্রম বিদ্যালয় ম্যানেজিং কমিটির মাধ্যমে সম্পন্ন করতে হবে।

২. কাজ শুরুর পূর্বে অবশ্যই উপজেলা প্রকৌশলী কর্তৃক Need based playing accessories স্থাপন কার্যক্রমের প্রাক্কলন প্রস্তুত করে উপজেলা শিক্ষা কমিটির অনুমোদন নিয়ে কার্যক্রম সম্পন্ন করতে হবে। এ বিষয়ে উপজেলা শিক্ষা অফিসার, সংশ্লিষ্ট সহকারী উপজেলা শিক্ষা অফিসার এবং উপজেলা প্রকৌশলী (এলজিইডি), বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও এসএমসি-কে প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন।

৩. বরাদ্দকৃত অর্থে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রয়োজনীয়তার নিরিখে নিম্নোক্ত Need based playing accessories এর মধ্যে প্রয়োজনীয় সংখ্যক (প্রতিটি বিদ্যালয়ে বরাদ্দকৃত অর্থ ১.৫০ লক্ষ টাকা বিবেচনায় রেখে) Need based playing accessories স্থাপন করা যাবে:

- Sleeper
- Swing
- Sea-saw
- Hanging rings
- Balancing
- Ladder
- Jig-jag

৪. বিদ্যালয়ে Need based playing accessories স্থাপন করা পর ছবি তুলে এবং ভিডিও করে তা সংরক্ষণ করতে হবে যাতে ঊর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক চাহিবামাত্র দেখানো যেতে পারে।

৫. বিদ্যালয়ে কোন কোন Playing accessories স্থাপন করা প্রয়োজন তার তালিকা প্রধান শিক্ষক প্রস্তুত করে সংশ্লিষ্ট ক্লাস্টারের সহকারী উপজেলা শিক্ষা অফিসারের মাধ্যমে উপজেলা শিক্ষা অফিসার এর নিকট জমা দিবেন। উপজেলা শিক্ষা অফিসার বরাদ্দ প্রাপ্ত বিদ্যালয়ের Playing accessories এর তালিকা সংগ্রহপূর্বক একত্রে প্রাক্কলন প্রস্তাব তৈরির জন্য উপজেলা প্রকৌশলী (এলজিইডি) এর নিকট প্রেরণ করবেন। উপজেলা প্রকৌশলী (এলজিইডি) কর্তৃক প্রাক্কলন প্রস্তাব প্রস্তুতপূর্বক উপজেলা শিক্ষা অফিসার এর নিকট প্রেরণ করবেন। উপজেলা শিক্ষা অফিসার প্রাক্কলন প্রস্তাব মহানগর/উপজেলা প্রাথমিক শিক্ষা কমিটি'তে অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক পরবর্তী কার্যক্রম গ্রহণ করবেন।

৬. নিরীক্ষা (অডিট) এর জন্য বিল/ভাউচার ও প্রাক্কলন এর কপি উপজেলা শিক্ষা অফিসে সংরক্ষণ করতে হবে। সংশ্লিষ্ট বিদ্যালয়ের প্রধান শিক্ষক উক্ত বিল/ভাউচার ও প্রাক্কলন এর এক কপি নিজ বিদ্যালয়ে সংরক্ষণ করবেন।

৭. Need based playing accessories স্থাপনের প্রাক্কলন উপজেলা শিক্ষা কমিটিতে অনুমোদন ব্যাতিত অর্থ ব্যয় করা যাবে না। অর্থ আবশ্যিকভাবে ৩০ জুন ২০২৪ তারিখের মধ্যে ব্যয় করতে হবে।

৮. তাঁর উপজেলায় বরাদ্দপ্রাপ্ত বিদ্যালয়ের প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে কি না এবং Playing accessories স্থাপন কাজের অগ্রগতি বিষয়ে ৩০ জুন ২০২৪ তারিখের মধ্যে নিম্নোক্ত ছকে একটি প্রতিবেদন ই-মেইলে (adplandpe@gmail.com) প্রেরণ করতে হবে।

| ক্র: নং | বিদ্যালয়ের নাম | প্রাক্কলন এলজিইডির সহায়তায় প্রস্তুত করা হয়েছে কীনা (হ্যাঁ/না) | প্রাক্কলন শিক্ষা কমিটি কর্তৃক অনুমোদিত কীনা (হ্যাঁ/না) | প্রাক্কলনের সংক্ষিপ্ত বিবরণ | প্রাক্কলিত অর্থ | মন্তব্য/ অগ্রগতি |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |

৯. অর্থ ব্যয়ের ক্ষেত্রে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের অর্থ বিভাগের জিও নং-৩৮.০১.০০০০.৫০০.০১১.২০-৮৪১, তারিখঃ ২৮ মার্চ ২০২৪ এর নির্দেশনা অনুসরণ করতে হবে। প্রকিউরমেন্ট সংক্রান্ত সকল আইন ও বিধিবিধান এবং ভ্যাট/আয়কর কর্তনসহ সরকারের প্রচলিত সকল আর্থিক বিধিবিধান অনুসরণ করতে হবে।

১০. অ্যাকাউন্টস অফিস হতে বিল পাশের পর উপজেলা/থানা শিক্ষা কর্মকর্তা কোনভাবেই নগদ অর্থের মাধ্যমে বিদ্যালয় পর্যায়ে অর্থ প্রদান করতে পারবেন না। অবশ্যই বিদ্যালয়ের নির্দিষ্ট হিসাবে (Account) অর্থ স্থানান্তর বা ক্রস চেকের মাধ্যমে তা প্রদান করতে হবে।

১১. উক্ত কার্যক্রমে অর্থ ব্যয়ের ক্ষেত্রে যথাযথ স্বচ্ছতা অনুসরণ করতে হবে। এক্ষেত্রে যে কোনো ধরনের আর্থিক অনিয়মের জন্য ডিডিও এবং সংশ্লিষ্ট অন্যান্য সকল কর্মকর্তা দায়ী থাকবেন।

১২. পত্রের কপি সংশ্লিষ্ট প্রধান শিক্ষককে আবশ্যিকভাবে বিতরণ করতে হবে। এক্ষেত্রে কোন ধরনের অবহেলা গ্রহণযোগ্য হবে না।

উল্লিখিত নির্দেশনা অনুসরণে পিইডিপি৪ এর আওতায় ২০২৩-২৪ অর্থবছরে নির্বাচিত প্রাথমিক বিদ্যালয়ে বরাদ্দকৃত অর্থে নির্ধারিত সময়ের মধ্যে Need based playing accessories স্থাপনের কার্যক্রম সম্পাদনের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: ১) বরাদ্দপ্রাপ্ত বিদ্যালয়ের তালিকা ।
২) অর্থ ছাড়ের জিও।

২/৪/২০২৪

ড. মোঃ নূরুল আমিন চৌধুরী
পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)

উপজেলা/থানা শিক্ষা কর্মকর্তা

উপজেলা/থানা------------------------- জেলা--------------------

স্মারক সংখ্যা- ৩৮.০১.০০০০.৭০০.১৪.০১৬.১৮- ২৮৫/১৬৭৭

তারিখ: ১৮ চৈত্র ১৪৩০
০১ এপ্রিল ২০২৪

অনুলিপি অবগতির জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (মনিটরিং, অডিট, প্রকিউরমেন্ট ও আইসিটি), এলজিইডি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
(তাঁর আওতাধীন উপজেলা প্রকৌশলী কর্তৃক বিদ্যালয়ের প্রাক্কলন প্রস্তুতিতে প্রধান শিক্ষক ও এসএমসি সভাপতিদের প্রয়োজনীয় সহায়তার অনুরোধসহ)

২। পরিচালক, তথ্য ব্যবস্থাপনা বিভাগ, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা। (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)

৩। জেলা প্রশাসক, জেলা ----------------------------।

৪। সচিব মহোদয়ের একান্ত সচিব (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৫। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, বিভাগ---------------------।
(তাঁর আওতাধীন জেলায় বরাদ্দপ্রাপ্ত বিদ্যালয়ের তালিকাসহ সকল তথ্য প্রাপ্তি নিশ্চিতকরণ ও Playing accessories পরিবীক্ষণের অনুরোধসহ)

৬। উপজেলা চেয়ারম্যান, উপজেলা/ থানা-------------------------, জেলা--------------------।

৭। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা/ থানা-------------------------, জেলা--------------------।

৮। জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, জেলা ----------------------------।
(তাঁর আওতাধীন সকল উপজেলার ২০২৩-২৪ অর্থবছরে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সম্পাদিত Playing accessories স্থাপনের কার্যক্রমের মান যাচাইপূর্বক বিবরণী প্রেরণের অনুরোধসহ)

৯। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

১০। উপজেলা/ থানা হিসাব রক্ষণ কর্মকর্তা, উপজেলা/ থানা-------------------------, জেলা--------------------।

১১। সংরক্ষণ নথি।

০১/০৪/২৪

মোহাম্মদ তৌহিদুল ইসলাম
সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)